www.icb.gov.bd

# আইসিবি পরিক্রমা


সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী
আইসিবির গুরুত্বপূর্ণ কর্মকান্ড
অভ্যন্তরীণ অর্থনীতি
পুঁজিবাজার
পাঠশালা
ইনোভেশন কর্ণার
ইয়াংস্টারস্




সংখ্যা ১৬ | ডিসেম্বর ২০১৭, পৌষ ১৪২৪ | ত্রৈমাসিক নিউজ লেটার


















ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
INVESTMENT CORPORATION OF BANGLADESH

TRANSFORMING..... TOWARDS..... TOMORROW

# আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের পণ্য ও সেবাসমূহ

## পুঁজিবাজার বিষয়ক

- ইক্যুইটি, প্রাইভেট ইক্যুইটি এবং প্লেসমেন্ট শেয়ার-এর বিপরীতে অগ্রিম/বিনিয়োগ;
- শেয়ার পুনঃক্রয়ের বিপরীতে অগ্রিম;
- আইসিবি ইউনিট সার্টিফিকেট, আইসিবি এএমসিএল কর্তৃক পরিচালিত সকল ইউনিট এবং বাংলাদেশ ফান্ড ইউনিট সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম;
- মার্চেন্ডাইজিং কার্যক্রম;
- সম্পদ ব্যবস্থাপনা;
- ইস্যু ম্যানেজমেন্ট;
- আন্ডাররাইটিং;
- ব্রোকারেজ সেবাসমূহ;
- ডিপি (ফুল সার্ভিস) সেবাসমূহ;
- মার্জার এবং এক্যুইজিশন;
- ট্রাস্টি ও কাস্টডিয়ান;
- পোর্টফোলিও ব্যবস্থাপনা;
- প্রেফারেন্স শেয়ারে বিনিয়োগ;
- স্টক মার্কেট লেনদেন;
- ডিবেঞ্চার ফাইন্যান্সিং;
- লিজ ফাইন্যান্সিং;
- ভেঞ্চার ক্যাপিটাল ফাইন্যান্সিং।

## মুদ্রাবাজার বিষয়ক

- সাবঅর্ডিনেটেড বন্ড, জিরো কুপন বন্ড, টিডিআর;
- ব্যাংক গ্যারান্টি;
- কর্পোরেট ফাইন্যান্সিয়াল অ্যাডভাইস।

## সরকারের এজেন্ট হিসেবে দায়িত্ব পালন

- ইক্যুইটি এন্ড এন্ট্রাপ্রেনরশিপ ফান্ড;
- রাষ্ট্র মালিকানাধীন প্রতিষ্ঠানের শেয়ার অফলোডিং;
- ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য বিশেষ প্রণোদনা স্কিম।

## উপদেষ্টা পরিষদ

## সম্পাদনা পরিষদ


### উপদেষ্টা পরিষদ

উপদেষ্টামন্ডলীর সভাপতি

প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ
চেয়ারম্যান, আইসিবি পরিচালনা বোর্ড

উপদেষ্টামন্ডলী

মুহাম্মদ আলকামা সিদ্দিকী
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ হুমায়ুন কবির
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ আবদুর রহিম
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মনজুর আহমদ
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোহম্মদ শামস্-উল ইসলাম
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

মোঃ আব্দুছ ছালাম আজাদ
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

সৈয়দ শাহরিয়ার আহসান
পরিচালক, আইসিবি পরিচালনা বোর্ড

### সম্পাদনা পরিষদ

প্রধান সম্পাদক

কাজী ছানাউল হক
ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদকমন্ডলী

মোঃ মোসাদ্দেক-উল-আলম
উপ-ব্যবস্থাপনা পরিচালক

মোঃ কামাল হোসেন গাজী
মহাব্যবস্থাপক

মোহাম্মদ ইকবাল হোসেন
মহাব্যবস্থাপক

দীপিকা ভট্টাচার্য্য
মহাব্যবস্থাপক

মোঃ রফিকুল ইসলাম
মহাব্যবস্থাপক

মোহাম্মদ শাহজাহান
মহাব্যবস্থাপক

মোঃ রিফাত হাসান
মহাব্যবস্থাপক

মোঃ নজরুল ইসলাম খান
মহাব্যবস্থাপক

মাজেদা খাতুন
উপ-মহাব্যবস্থাপক

আহাম্মদ জুলকারনাইন সোহেল
সহকারী মহাব্যবস্থাপক



প্রকাশনায়:

প্লানিং এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট

আইসিবি প্রধান কার্যালয়, ঢাকা - ১০০০।



ওয়েবসাইট: www.icb.gov.bd ই-মেইল: info@icb.gov.bd, icb@agni.com

# সূ। চি


**সম্পাদকীয়** ০৩

**সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী** ০৪-০৬

- ‘বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য’ বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ
- 'ওয়ান প্ল্যানেট সামিট'-এ প্রধানমন্ত্রী শেখ হাসিনা
- ‘ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭’ এর উদ্বোধনে প্রধানমন্ত্রীর পাশে সোফিয়া
- প্রধানমন্ত্রীর কম্বোডিয়া সফর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের ৩০তম ক্ষমতাশীল নারী
- বিশ্ব পরমাণু ক্লাবে বাংলাদেশ
- বিএসইসির উদ্যোগে বিনিয়োগ সপ্তাহ উদ্‌যাপন

**আইসিবির গুরুত্বপূর্ণ কর্মকাণ্ড** ০৭-১২

- মহান বিজয় দিবসে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা
- আইসিবির ৪১তম বার্ষিক সাধারণ সভা
- ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের স্বীকৃতিতে আইসিবির আনন্দ র‍্যালি
- পুঁজিবাজার মেলা ২০১৭-তে আইসিবির অংশগ্রহণ
- আইসিবির শাখা ব্যবস্থাপকদের নিয়ে মতবিনিময় সভা
- আইসিএবি পুরস্কারে গর্বিত আইসিবি
- আইসিবি ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (এমসিসি) এর ৯০তম সভা
- ‘‘শুদ্ধাচার পুরস্কার’’ প্রদান
- বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপন
- কর্মশালা ও প্রশিক্ষণ
- ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য বিশেষ প্রণোদনা স্কিম
- আইসিবির বিনিয়োগ হিসাবধারকগণকে ৮০-১০০% সুদ মওকুফ সুবিধা প্রদান
- আইসিবি শেয়ারের বাজারদর (ডিএসই): অক্টোবর-ডিসেম্বর, ২০১৭
- আইসিবি কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের সুদের হার
- আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানি কর্তৃক পরিচালিত বে-মেয়াদি ফান্ডসমূহের সার্টিফিকেটের বিক্রয় ও পুনঃক্রয়মূল্য

**যোগদান** ১২

**শোক বার্তা** ১২

**অভ্যন্তরীণ অর্থনীতি** ১৩

**পুঁজিবাজার** ১৪-১৬

- বাংলাদেশের শেয়ারবাজার: অক্টোবর-ডিসেম্বর, ২০১৭
- বাজার মূলধনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি
- লেনদেনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি
- সর্বোচ্চ ইপিএস-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি
- সর্বনিম্ন পি/ই-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি
- তালিকাভুক্ত কয়েকটি কোম্পানির আর্থিক বিশ্লেষণ
- বিশ্বের কিছু শেয়ার সূচক

**পাঠশালা** ১৭

Debenture

**ইনোভেশন কর্ণার** ১৮

নাগরিক সেবায় উদ্ভাবন

**ইয়াংস্টারস্** ১৯

যাত্রা

Living in between

# সম্পাদকীয়

১৯৭১ সালের ডিসেম্বর মাসের ১৬ তারিখে দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধে ৩০ লাখ শহীদের আত্মত্যাগ ও দুই লাখ মা-বোনের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে বিশ্ববুকে সগর্ব পদধ্বনি ঘোষণা করেছিল বাংলাদেশ নামের অপার সম্ভাবনাময় স্বাধীন সার্বভৌম একটি দেশ। স্বাধীনতার ৪৭ বছর পূর্তির এ মাসে আইসিবি শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করছে সে সকল মহান বীরদের যাদের প্রাণ এবং প্রচেষ্টার বিনিময়ে আমরা পেয়েছি একটি লাল-সবুজ পতাকা এবং বিশ্বে জাতি হিসাবে একটি স্বতন্ত্র অস্তিত্ব। ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধুর বজ্রকণ্ঠ থেকে উচ্চারিত আঠার মিনিটের অলিখিত ভাষণটি ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে ইউনেস্কোর মেমোরি অফ দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে এর স্বীকৃতি বাংলাদেশের গণমানুষের এক গর্বিত প্রাপ্তি। বলাবাহুল্য এ ঐতিহাসিক ভাষণই আত্মমর্যাদাশীল দেশ গঠনে আমাদের প্রেরণার উৎস হিসেবেও কাজ করছে। ইতিহাসের মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে অর্জিত স্বাধীন বাংলাদেশ আজ বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে আরোহণ করে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে দৃপ্ত পদক্ষেপে এগিয়ে চলেছে।

যুদ্ধ পরবর্তী সময়ে মুক্তিযুদ্ধের চেতনাকে হৃদয়ে ধারণপূর্বক এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) তার সৃষ্টিলগ্ন হতে অদ্যাবধি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে দ্রুত শিল্পায়ন এবং বিভিন্ন অংশগ্রহণমূলক ও সমন্বিত উদ্যোগ গ্রহণ করেছে এবং ধারাবাহিকভাবে বাংলাদেশের অর্থনীতির ভিতকে সুদৃঢ় রাখার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তারই ধারাবাহিকতায় আরও একটি সফল বছর অতিক্রমের মধ্য দিয়ে আইসিবি তার প্রতিষ্ঠার ৪২তম বর্ষে পদার্পণ করেছে। সফলতার এই প্রাতিষ্ঠানিক ধারা আগামীতেও বজায় রাখতে আইসিবি দৃঢ় অঙ্গীকারবদ্ধ এবং আইসিবি তার সকল স্টেকহোল্ডারদের আন্তরিক সহযোগিতা এবং শুভকামনা প্রত্যাশা করছে।

২৩ ডিসেম্বর ২০১৭ তারিখে সম্মানিত শেয়ার মালিকগণের উপস্থিতিতে হোটেল পূর্বানী ইন্টারন্যাশনাল লিমিটেড-এ আইসিবির ৪১তম বার্ষিক সাধারণ সভা সম্পন্ন হয়। ২০১৬-১৭ অর্থবছরে আইসিবি এককভাবে ৩৬৮.১৭ কোটি টাকা এবং সাবসিডিয়ারি কোম্পানিসমূহসহ সম্মিলিতভাবে ৪৬১.৫৭ কোটি টাকা নিট মুনাফা অর্জন করেছে। সভায় আইসিবির ২০১৬-১৭ অর্থবছরে শেয়ার মালিকগণের জন্য ৩০% নগদ এবং ৫% স্টক লভ্যাংশ অনুমোদন করা হয়। এ ছাড়া ২০১৬-১৭ অর্থবছরের জন্য কর্পোরেশনের ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি ইউনিট ফান্ড হতে ইউনিট সার্টিফিকেট প্রতি ৪৫.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক আইসিবির সকল কর্মকর্তা-কর্মচারীদের নিরলস প্রচেষ্টার ফলে ২০১৬-১৭ অর্থবছরে অর্জিত সাফল্যের জন্য ভূয়সী প্রশংসা করা হয় এবং টেকসই পুঁজিবাজারের স্বার্থে আইসিবির কর্তব্য ও সফলতার ধারাবাহিকতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

আইসিবি বিশ্বাস করে বিজয়ের এ মাসে বিজয়ের গৌরবকে সমুন্নত রাখার লক্ষ্যে টেকসই পুঁজিবাজার গঠন এবং সার্বিক অর্থনৈতিক উন্নয়নে আইসিবির সাফল্যের অগ্রযাত্রা সম্পর্কে বার্ষিক সাধারণ সভায় শেয়ারমালিকগণের প্রদত্ত বক্তব্য ও দিক নির্দেশনা কর্পোরেশনের ভবিষ্যত কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করবে। একটি সুদৃঢ় পুঁজিবাজার গঠন এবং উন্নয়নের মাধ্যমে আইসিবি সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনকল্পে একযোগে কাজ করে যাওয়ার প্রত্যয়ে অঙ্গীকারবদ্ধ এবং এ প্রত্যয় আইসিবি তার চেতনায় লালন করে উত্তরোত্তর সাফল্যের দিকে এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করা হচ্ছে।

# সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী

## ‘বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য’ বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বজ্রকণ্ঠে উচ্চারিত সেই ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ যেমন ১৯৭১ সালে পূর্ব বাংলার সমগ্র মানব জাতিকে করেছিল আন্দোলিত তেমনি আজ ২০১৭ সালে বঙ্গবন্ধুর সেই ঐতিহাসিক ভাষণই স্বাধীন বাংলাদেশের সমগ্র মানুষকে করেছে উজ্জীবিত ও গৌরবান্বিত। যার মূলেই রয়েছে ইউনেস্কোর ইন্টারন্যাশনাল অ্যাডভাইজরি কমিটি (আইএসি) কর্তৃক ‘ওয়ার্ল্ডস ইন্টারন্যাশনাল রেজিস্টার'-এ প্রামাণ্য ঐতিহ্য হিসেবে মর্যাদা পাওয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ। ৩০ অক্টোবর ২০১৭ তারিখে ইউনেস্কোর সদর দফতর প্যারিসে সংস্থাটির মহাপরিচালক ইরিনা বোকাভো এ সিদ্ধান্তের কথা জানান। গত ২৪ থেকে ২৭ অক্টোবর ২০১৭ পর্যন্ত অনুষ্ঠিত বৈঠকে আইএসি বিশ্বের বিভিন্ন দেশ থেকে সংগৃহীত ১৩০ টি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ দলিল, নথি ও বক্তৃতাকে যাচাই বাছাই পূর্বক ৭৮টি বিষয়কে সংস্থার আন্তর্জাতিক রেজিস্টারের মেমোরিতে তালিকাভুক্ত করে। ইউনেস্কোর স্বীকৃতি প্রাপ্ত ৪২৭ টি প্রামাণ্য



ঐতিহ্যের মধ্যে ৭ মার্চের ভাষণই প্রথম অলিখিত ভাষণ। এর ফলে ১৯৭১ সালে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতাকামী ৭ কোটি মানুষের উদ্দেশ্যে দেয়া এ ভাষণ বাঙালি জাতি তথা সারা বিশ্বের মুক্তিকামী মানুষের অনুপ্রেরণার উৎস হিসেবেও স্বীকৃতি পেল।

## 'ওয়ান প্ল্যানেট সামিট'-এ প্রধানমন্ত্রী শেখ হাসিনা



জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় 'ওয়ান প্ল্যানেট সামিট'-এ অংশগ্রহণের উদ্দেশ্যে ১১ ডিসেম্বর ২০১৭ তারিখ তিন দিনের সরকারি সফরে ফ্রান্সের রাজধানী প্যারিস পৌঁছান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্যারিসে ২০১৫ সালে বিশ্বের ১৮৮টি দেশের ঐকমত্যের ভিত্তিতে অনুষ্ঠিত জলবায়ু চুক্তির দুই বছর পূর্তি উপলক্ষে পুনরায় এ সম্মেলনে মিলিত হন বিশ্বের নেতৃবৃন্দ। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী তেরেসা মে, ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাক্রোঁ, বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম ও জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসসহ বিভিন্ন দেশের প্রতিনিধিরা সম্মেলনে অংশগ্রহণ করেন। ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত এ সম্মেলনে জলবায়ু পরিবর্তনের বিষয়ে সমষ্টিগত কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশসহ ১০০টি দেশের নেতৃবৃন্দ, বেসরকারি সংস্থা, ফাউন্ডেশন এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ প্রায় দুই হাজার অতিথি অংশ নেন। সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল মাক্রোঁর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে মিলিত হন এবং রোহিঙ্গা সংকট, জলবায়ু পরিবর্তন, সন্ত্রাসবাদসহ দুই দেশের অভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়সহ আন্তর্জাতিক বিষয়ে আলোচনা করেন।

## ‘ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭’ এর উদ্বোধনে প্রধানমন্ত্রীর পাশে সোফিয়া

সম্ভাবনা ও চ্যালেঞ্জে নিজেদের প্রস্তুত করে বাংলাদেশের তথ্য প্রযুক্তি খাতকে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্য নিয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হয় চার দিন ব্যাপী তথ্য প্রযুক্তির অন্যতম বৃহৎ আয়োজন ‘ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭’। “# Ready For Tomorrow” স্লোগান নিয়ে শুরু হওয়া ৬-৯ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত এ আয়োজনের সবচেয়ে বড় আকর্ষণ ছিল ডেভিড হ্যানসন উদ্ভাবিত হংকংয়ের আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও রোবোটিক্সের




সমন্বয়ে গড়া রোবট সোফিয়া। রোবট সোফিয়ার সঙ্গে কথোপকথনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ইভেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনী বক্তৃতায় তুলে ধরা উল্লেখযোগ্য দিকগুলো ছিল:-

✓ চলতি অর্থবছরে সফট্‌ওয়্যার রপ্তানি থেকে আয় ১ বিলিয়ন ডলার এবং ২০২১ সালের মধ্যে আয় ৫ বিলিয়ন ডলার অতিক্রম করবে।

✓ জিডিপিতে সফট্‌ওয়্যার ও আইসিটি সেবা খাতের অবদান প্রায় ৫ শতাংশে উন্নীত হবে।

✓প্রতিটি জেলায় হাইটেক বা সফট্‌ওয়্যার টেকনোলজি পার্ক এবং ১শ' বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হয়েছে।

✓ দ্বিতীয় সাবমেরিন কেবলের সংযোগ ও বেসরকারি খাতে ৬টি ইন্টারন্যাশনাল টেরিস্ট্রিয়াল বলয়ের সুবিধা দেয়ায় ইন্টারনেটে ব্যান্ডউইথ ১০ গুণেরও বেশি ব্যবহার বেড়েছে।

✓ 'ইনোভেশন ডিজাইন এন্ড এন্ট্রাপ্রেনরশিপ একাডেমী' স্থাপন এবং 'স্টার্ট আপ বাংলাদেশ' নামে নতুন প্ল্যাটফর্ম গঠন।

✓ উদ্যোক্তাদের ভেঞ্চার ক্যাপিটাল সহায়তাসহ বাংলাদেশ ব্যাংক ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর উদ্যোগে 'ইইএফ' (EEF) ব্যবস্থা চালুকরণ।

## প্রধানমন্ত্রীর কম্বোডিয়া সফর

৩ ডিসেম্বর ২০১৭ তারিখে তিন দিনের একটি সরকারি সফরে কম্বোডিয়া পৌঁছান বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সফরকালে তিনি কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন এবং রাজা নরোদম শিয়ামনির সাথে সাক্ষাত করেন। উভয় দেশের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক বৈঠকের পর বাংলাদেশ এবং কম্বোডিয়ার মধ্যে নয়টি সমঝোতা স্মারক ও একটি চুক্তি স্বাক্ষরিত হয়। পর্যটন খাত, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত, প্রাতিষ্ঠানিক পর্যায়ে সহযোগিতা, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়নে সহযোগিতা ও অংশীদারিত্ব, বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ এবং রয়্যাল একাডেমি অব কম্বোডিয়ার মধ্যে একাডেমিক পর্যায়ে সহযোগিতাসহ মুক্তিযুদ্ধের ইতিহাস, স্মৃতিস্তম্ভ এবং স্মৃতিচিহ্ন সংরক্ষণ, মৎস্য ও অ্যাকুয়াকালচার খাত, শ্রম ও কারিগরি প্রশিক্ষণ খাতে সরকারি পর্যায়ে সহযোগিতা এবং বাংলাদেশের বিনিয়োগ প্রসারে সহযোগিতা সম্পর্কিত স্মারকগুলো স্বাক্ষরিত হয়। দু'দেশের ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন, বাংলাদেশ শিল্প ও



বণিক সমিতি এবং কম্বোডিয়া চেম্বার অব কমার্সের মধ্যে সহযোগিতা সম্পর্কিত একমাত্র চুক্তিটি স্বাক্ষরিত হয়। এ ছাড়া যৌথ বিবৃতির মাধ্যমে দুই দেশের সহযোগিতার সম্পর্ক নতুন মাত্রায় নিয়ে যাওয়ার কথা বলা হয়।

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের ৩০তম ক্ষমতাশীল নারী



≡ Forbes / PROFILE / Sheikh Hasina Wajed

**Sheikh Hasina Wajed**

Prime minister, Bangladesh

In stark contrast to Aung San Suu Kyi of Myanmar, the "lady of Dhaka" has promised aid to Rohingya Muslim refugees fleeing Myanmar, allotting 2,000 acres of land in Bangladesh for the refugees. Citing Bangladesh's own state sanctioned genocide during 1971's Liberation War, Hasina is "proud to bear the bulk of the cost" of the relocation of these refugees to her country. This includes issuing identification cards and providing childhood immunizations.

মার্কিন প্রভাবশালী সাময়িকী ফোর্বস প্রকাশিত ২০১৭ সালের ক্ষমতাশীল ১০০ নারীর তালিকায় ৩০তম অবস্থানে রয়েছেন বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১ নভেম্বর ২০১৭ তারিখে প্রকাশিত এ তালিকায় ক্ষমতার সূচকে গত বছরের ৩৬তম স্থান হতে ছয় ধাপ এগিয়ে অবস্থান করছেন তিনি। ফোর্বসের ওয়েবসাইটে শেখ হাসিনাকে 'লেডি অব ঢাকা' আখ্যায়িত করে সংবাদ প্রকাশ করা হয়। এর কারণ হিসেবে মিয়ানমারের সামরিক জান্তা কর্তৃক নিষ্পেষিত, নিপীড়িত, শোষিত এবং অত্যাচারিত ৬ লক্ষাধিকের বেশি অসহায় রোহিঙ্গাদের দেশের বিভিন্ন প্রতিকূলতা সত্ত্বেও আশ্রয় দিয়ে সহায়তার হাত প্রসারিত করার বিষয়টিকে গুরুত্বের সহিত উল্লেখ করা হয়।

# বিশ্ব পরমাণু ক্লাবে বাংলাদেশ

৪ নভেম্বর ২০১৭ তারিখে ৩২তম দেশ হিসাবে বিশ্ব পরমাণু ক্লাবে যুক্ত হলো বাংলাদেশ। ৩০ নভেম্বর ২০১৭ তারিখে পাবনার ঈশ্বরদীতে শুরু হওয়া রূপপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের প্রথম ইউনিটের লাইসেন্স প্রাপ্তির মধ্য দিয়ে নিউক্লিয়ার নেশন হিসেবে বিশ্ব পরমাণু ক্লাবে বাংলাদেশের সংযুক্তি। একই সাথে বাংলাদেশ এশিয়ার মধ্যে ষষ্ঠ এবং সার্কভুক্ত দেশসমূহের মধ্যে তৃতীয় পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নকারী দেশ হিসাবে তালিকাভূক্ত হয়। বাংলাদেশ অ্যাটমিক এনার্জি রেগুলেটরি অথোরিটির (বিএইআরএ) চেয়ারম্যান আণবিক শক্তি কমিশনের চেয়ারম্যান এর কাছে শর্ত সাপেক্ষে পাওয়া এ লাইসেন্স তুলে দেন। নি:শর্ত লাইসেন্স পেতে হলে আণবিক শক্তি কমিশনকে প্রকল্প এলাকার বেলে মাটি পরমাণু চুল্লি (রিঅ্যাক্টর) স্থাপনের উপযোগী করে তোলা, পদ্মাপাড়ের প্রতিরক্ষা বাঁধ বিদ্যুৎ কেন্দ্রের জন্য নিরাপদ করে তোলা, জরুরি অবস্থায় ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা



চূড়ান্ত করা এবং প্রকল্পের অবকাঠামোগত নিরাপত্তা নিশ্চিত করাসহ কয়েকটি বিষয় নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়। উল্লেখ্য, বর্তমানে ৩১টি দেশে মোট ৪৫১টি পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প রয়েছে।

# বিএসইসির উদ্যোগে বিনিয়োগ সপ্তাহ উদ্‌যাপন




রাজধানীর শিল্পকলা একাডেমিতে ০২ অক্টোবর ২০১৭ তারিখ বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত। বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালনের মূখ্য উদ্দেশ্যই ছিলো শেয়ারবাজারে বিনিয়োগকারীদের বিনিয়োগ কার্যক্রমে সচেতন করা। রাজধানীসহ দেশের সাতটি বিভাগীয় শহরে বর্ণাঢ্য র‍্যালি ও নানা আনুষ্ঠানিকতার মাধ্যমে বিনিয়োগকারী সপ্তাহ পালিত হয়।



বৈশ্বিক শেয়ারবাজার নিয়ন্ত্রক সংস্থাগুলোর অ্যাসোসিয়েশন ''IOSCO'' এর আহ্বানে বিশ্বের ৮১টি দেশে এ বছরই প্রথম বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ ইউনুসুর রহমান, বিএসইসির চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং বিএসইসি-র শুভেচ্ছাদূত ও স্বনামধন্য ক্রিকেটার সাকিব আল হাসান উপস্থিত ছিলেন।

# আইসিবির গুরুত্বপূর্ণ কর্মকান্ড (অক্টোবর-ডিসেম্বর ২০১৭)

## মহান বিজয় দিবসে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা




১৬ ডিসেম্বর ২০১৭ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আইসিবির পক্ষ থেকে মহান স্বাধীনতা যুদ্ধে শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান জানিয়ে সাভার জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের সর্বস্তরের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।



২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক। এসময়ে কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. মোসাদ্দেক-উল-আলম, মহাব্যবস্থাপক দীপিকা ভট্টাচার্য্য এবং উপ-মহাব্যবস্থাপক/সচিব মো: রফিক উল্যা উপস্থিত ছিলেন।

## আইসিবির ৪১তম বার্ষিক সাধারণ সভা






ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ৪১তম বার্ষিক সাধারণ সভা ২৩ ডিসেম্বর ২০১৭ তারিখ হোটেল পূর্বানী ইন্টারন্যাশনাল লিমিটেড-এ অনুষ্ঠিত হয়। আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আইসিবির ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক এবং অন্যান্য পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডার অংশগ্রহণ করেন। সভায় শেয়ারহোল্ডারগণ ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত হিসাব সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করেন। কর্পোরেশনের অব্যাহত উন্নতির জন্য শেয়ারহোল্ডারগণ গভীর সন্তোষ প্রকাশ করেন। ২০১৬-১৭ অর্থবছরে আইসিবি এককভাবে এবং আইসিবির সাবসিডিয়ারিসহ সম্মিলিতভাবে যথাক্রমে ৩৬৮.১৭ কোটি টাকা এবং ৪৬১.৫৭ কোটি টাকা নিট মুনাফা অর্জন করে। শেয়ারহোল্ডারগণ ২০১৬-১৭ অর্থবছরের জন্য ৩০% নগদ এবং ৫% স্টক লভ্যাংশ অনুমোদন করেন। ইতঃপূর্বে ২০১৬-১৭ অর্থবছরের জন্য কর্পোরেশনের ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি ইউনিট ফান্ড হতে ইউনিট সার্টিফিকেট প্রতি ৪৫.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করায় শেয়ারমালিকগণ সন্তোষ প্রকাশ করেন। উল্লেখ্য, পূর্ববর্তী বছরসমূহের ন্যায় আইসিবি ও এর সাবসিডিয়ারিসমূহ অ্যাসেট ম্যানেজমেন্ট ও ট্রাস্টি কর্মকান্ডেও সন্তোষজনক অবস্থানে ছিল। এ ছাড়া সভায় আইসিবির সকল কর্মকর্তা-কর্মচারীদের নিরলস প্রচেষ্টা এবং উদ্যোগের জন্য ভূয়সী প্রশংসা করা হয় এবং ভবিষ্যতেও পুঁজিবাজারে আইসিবির ভূমিকা ও অবস্থান সুদৃঢ় থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ও আইসিবির ব্যবস্থাপনা পরিচালক অব্যাহত সমর্থন ও সহযোগিতার জন্য শেয়ারহোল্ডার, বিএসইসি, স্টক এক্সচেঞ্জসমূহ এবং অর্থ মন্ত্রণালয়সহ সকল স্টেকহোল্ডারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের স্বীকৃতিতে আইসিবির আনন্দ র‍্যালি




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যানে আনন্দ শোভাযাত্রায় আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ, আইসিবির ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক, উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. মোসাদ্দেক-উল-আলম, কর্পোরেশনের মহাব্যবস্থাপকগণসহ আইসিবি ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের সর্বস্তরের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

# বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট এক্সপো-২০১৭ তে আইসিবির অংশগ্রহণ






পুঁজিবাজার বিষয়ে সচেতনতা বাড়াতে অনলাইন পত্রিকা অর্থসূচকের উদ্যোগে রাজধানীর শিল্পকলা একাডেমিতে ৭-৯ ডিসেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট এক্সপো-২০১৭ আয়োজন করা হয়। বিএসইসি, ডিএসই, সিএসই, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহসহ প্রায় ৪০টি প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। উক্ত অনুষ্ঠানে মাননীয় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদকে আইসিবির পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জানান কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক।

# আইসিবির শাখা ব্যবস্থাপকদের নিয়ে মতবিনিময় সভা



আইসিবির ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক মহোদয়ের সভাপতিত্বে কর্পোরেশনের শাখা ব্যবস্থাপকদের সমন্বয়ে এক মতবিনিময় সভা ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখে আইসিবির প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় আগামী অর্থবছরে শাখাসমূহের কার্যক্রম ও গ্রাহক সেবা কিভাবে ত্বরান্বিত করা যায় তার ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ। বিশেষ অতিথি হিসেবে কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. মোসাদ্দেক-উল-আলম ও মহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন।

# আইসিএবি পুরস্কারে গর্বিত আইসিবি



ICAB (আইসিএবি) কর্তৃক পাবলিক সেক্টর এন্টিটিজ ক্যাটাগরিতে 'বেস্ট প্রেজেন্টেড অ্যানুয়াল রিপোর্ট ২০১৬'-এর জন্য প্রথম স্থান অর্জন করেছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)। ২৫ নভেম্বর ২০১৭ তারিখ রাজধানীর সোনারগাঁও হোটেলের বলরুমে এক অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করে ইন্সটিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ (আইসিএবি)। আইসিবির বার্ষিক প্রতিবেদন SAFA BPA রিপোর্টস অ্যাওয়ার্ড-২০১৬ প্রতিযোগিতার জন্যও মনোনীত হয়েছে। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এর হাত থেকে পাবলিক সেক্টর এন্টিটিজ ক্যাটাগরিতে 'বেস্ট প্রেজেন্টেড অ্যানুয়াল রিপোর্ট ২০১৬'-এর জন্য প্রথম স্থান অর্জনকারী হিসেবে পুরস্কার গ্রহণ করেন আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ ও কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক।

# আইসিবি ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (এমসিসি) এর ৯০তম সভা





আইসিবি ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (এমসিসি) এর ৯০তম সভা ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ, রবিবার, বিকাল ৩.০০ ঘটিকায় কর্পোরেশনের প্রধান কার্যালয়ে ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণ, আইসিবির সাবসিডিয়ারি কোম্পানিসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তাগণসহ প্রধান কার্যালয় ও স্থানীয় কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক, সিস্টেম ম্যানেজার, সহকারী মহাব্যবস্থাপক, সিনিয়র সিস্টেম এনালিস্ট এবং সাবসিডিয়ারি কোম্পানির অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ ছাড়া সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমদ।

# ''শুদ্ধাচার পুরস্কার'' প্রদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ''শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭'' এর আলোকে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পাঁচ জন কর্মচারীকে ২০১৬-১৭ অর্থবছরের জন্য "শুদ্ধাচার পুরস্কার" প্রদান করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক কাজী ছানাউল হক এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ড রুমে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ বিকাল ৫:০০ ঘটিকায় উক্ত অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইসিবির উপ-ব্যবস্থাপনা পরিচালক মোঃ মোসাদ্দেক-উল-আলম। এ ছাড়া মহাব্যবস্থাপকগণসহ অন্যান্য কর্মচারীগণ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



# বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উদ্‌যাপন







বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে তাল মিলিয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নেতৃত্বে আইসিবিও বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ যথাযথ মর্যাদায় পালন করে। রাজধানীর শিল্পকলা একাডেমিতে ২-৮ অক্টোবর ২০১৭ তারিখে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত মেলায় আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহ সমন্বিতভাবে অংশগ্রহণ করে। এ ছাড়া বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ উপলক্ষ্যে খুলনা, রাজশাহী ও বরিশাল শাখার উদ্যোগে র‍্যালির আয়োজন করা হয়। বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালনের জন্য আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের শাখায় আলোচনা সভাও অনুষ্ঠিত হয়। পুঁজিবাজার বিষয়ে জনসাধারণকে সচেতনতা প্রদান করাই ছিল এ সপ্তাহ পালনের মূল উদ্দেশ্য।

# কর্মশালা ও প্রশিক্ষণ

কর্পোরেশনের জন্য একটি প্রশিক্ষিত ও সুদক্ষ কর্মীবাহিনী গঠন করা আইসিবির অন্যতম প্রধান উদ্দেশ্য। এ উদ্দেশ্যকে সামনে রেখে বিভিন্ন স্তরের কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আইসিবি সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ী নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র ও অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে উন্নত ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১৭ সালের অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত সময়ে বিভিন্ন স্তরের কর্মচারীগণকে বিভিন্ন মেয়াদে দেশ/বিদেশের বিভিন্ন স্বনামধন্য প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান যেমন- NAPD, BIBM, BICM, BIM, BIPD, Rapport Bangladesh Ltd., ICLIF (Thailand), National Institute of Bank Management, India (Pune) এবং ICB এর নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ প্রদান করা হয়। আলোচ্য সময়ে বিভিন্ন প্রশিক্ষণের ফ্রেমবন্দি স্মৃতিঃ

## Snaps of Internal Training Programme

**Basic Technical Analysis**



**Financial Statement Analysis**



**Nagorik Sebay Udvabon**



**Nagorik Sebay Udvabon**



## Snaps of Foreign Training Programme
### Corporate Governance & Leadership for Top Executive from the Financial System



উপর্যুক্ত প্রশিক্ষণে আইসিবির পক্ষে অংশগ্রহণ করেন মহাব্যবস্থাপক জনাব মোঃ রফিকুল ইসলাম (২য় সারিতে বাম দিক থেকে ১ম)
ও উপ-মহাব্যবস্থাপক জনাব টিপু সুলতান ফরাজী (৩য় সারিতে বাম দিক থেকে ২য়)

## ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য বিশেষ প্রণোদনা স্কিম

পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার জন্য সরকার বিশেষ সহায়তা তহবিল নামে ৯০০.০০ কোটি টাকার একটি তহবিল গঠন করে। আলোচ্য তহবিল ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবির উপর অর্পণ করা হয়। ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীগণকে সহায়তার লক্ষ্যে উক্ত বিশেষ সহায়তা তহবিল হতে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত বিভিন্ন মার্চেন্ট ব্যাংক ও ব্রোকারেজ হাউসকে প্রদত্ত আর্থিক সহায়তার বিবরণ নিম্নরূপ:

(কোটি টাকায়)

| বিবরণ | আবেদন | | মঞ্জুরি | | বিতরণ | | আদায় | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| মার্চেন্ট ব্যাংক | ২৩ | ৪৬৩.১০ | ২২ | ৪৬০.৭২ | ১৮ | ৪২৮.৩৮ | ১৮ | ৪৬৬.৯৫ |
| ব্রোকারেজ হাউস | ২৫ | ২৮০.০৭ | ২১ | ২২২.৫৮ | ১৬ | ২১৩.৮২ | ১৬ | ২২২.৮৪ |
| **মোট** | **৪৮** | **৭৪৩.১৭** | **৪৩** | **৬৮৩.৩০** | **৩৪** | **৬৪২.২০** | **৩৪** | **৬৮৯.৭৯** |

## আইসিবির শেয়ারের বাজারদর (ডিএসই): অক্টোবর-ডিসেম্বর, ২০১৭

(টাকায়)

| | প্রারম্ভিক | সর্বোচ্চ | সর্বনিম্ন | সমাপণী |
|---|---|---|---|---|
| অক্টোবর | ১৭৬.২ | ১৯২.২ | ১৭৬.২ | ১৮৫.৭ |
| নভেম্বর | ১৮৩.১ | ১৮৪.১ | ১৬৭.৩ | ১৬৭.৩ |
| ডিসেম্বর | ১৬৬.২ | ১৬৬.২ | ১৫৯.৭ | ১৬০.০ |

## আইসিবি কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিমের সুদের হার

| ঋণ ও অগ্রিমের ধরণ | পরিবর্তিত সুদের হার (%) (কার্যকর হওয়ার তারিখ: ০১ জুলাই ২০১৬) |
|---|---|
| বিনিয়োগ হিসাবে প্রদত্ত ঋণ (ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে) | ১১.০০ |
| ব্রিজিং ঋণ, ডিবেঞ্চার ঋণ, শেয়ার পুনঃক্রয়, ইক্যুইটির বিপরীতে অগ্রিম, ডিবেঞ্চার ক্রয়, অগ্রাধিকার শেয়ার, লিজ অর্থায়ন এবং কনজ্যুমার ক্রেডিট স্কিম | ১১.০০ |
| আইসিবি/ সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক পরিচালিত সকল ইউনিট ফান্ড/ মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম | ১১.০০ |
| সাবসিডিয়ারি কোম্পানিসমূহে প্রদত্ত ঋণ (দীর্ঘ মেয়াদি) | ৯.০০ |
| সাবসিডিয়ারি কোম্পানিসমূহে প্রদত্ত ঋণ (স্বল্প মেয়াদি) | ৯.০০ |

## আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানি (এএমসিএল) কর্তৃক পরিচালিত বে-মেয়াদি ফান্ডসমূহের সার্টিফিকেটের বিক্রয় ও পুনঃক্রয় মূল্য ঃ

| ইউনিট ফান্ডের নাম | ফান্ডের রেজিস্ট্রেশন তারিখ | সর্বশেষ মূল্য নির্ধারণী তারিখ | ইউনিট প্রতি বিক্রয় মূল্য (টাকায়) | ইউনিট প্রতি পুনঃক্রয় মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|
| আইসিবি ইউনিট ফান্ড | ১০ এপ্রিল ১৯৮১ | ৩১ ডিসেম্বর ২০১৭ | -* | ২৭৩.০০ |
| বাংলাদেশ ফান্ড | ০৪ মে ২০১১ | ০১ আগস্ট ২০১৭ | ১০০.০০ | ৯৭.০০ |
| আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড | ০৩ জুন ২০০৩ | ২৬ নভেম্বর ২০১৭ | ২২৮.০০ | ২২৩.০০ |
| আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস ইউনিট ফান্ড | ১৫ সেপ্টেম্বর ২০০৪ | ২৬ নভেম্বর ২০১৭ | ১৯৭.০০ | ১৯২.০০ |
| আইসিবি এএমসিএল কনভার্টেড ফার্স্ট ইউনিট ফান্ড | ০৩ ফেব্রুয়ারি ২০১৪ | ০১ আগস্ট ২০১৭ | ১০.০০ | ৯.৭০ |
| আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড | ৩০ জুলাই ২০১৫ | ০১ আগস্ট ২০১৭ | ১০.৩০ | ১০.০০ |
| ১ম আইসিবি ইউনিট ফান্ড | ১১ এপ্রিল ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১০.৫০ | ১০.২০ |
| ২য় আইসিবি ইউনিট ফান্ড | ০৫ মে ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১১.১০ | ১০.৮০ |
| ৩য় আইসিবি ইউনিট ফান্ড | ২৩ জুন ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১১.৬০ | ১১.৩০ |
| ৪র্থ আইসিবি ইউনিট ফান্ড | ২৩ জুন ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১১.১০ | ১০.৮০ |
| ৫ম আইসিবি ইউনিট ফান্ড | ২৩ জুন ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১১.৪০ | ১১.১০ |
| ৬ষ্ঠ আইসিবি ইউনিট ফান্ড | ০৮ অক্টোবর ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১২.২০ | ১১.৯০ |
| ৭ম আইসিবি ইউনিট ফান্ড | ৭ নভেম্বর ২০১৬ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১২.৩০ | ১২.০০ |
| ৮ম আইসিবি ইউনিট ফান্ড | ১৫ মার্চ ২০১৭ | ১০ ডিসেম্বর ২০১৭ | ১১.৩০ | ১১.০০ |

*১ জুলাই ২০০২ তারিখ হতে ''এএমসিএল'' এর কার্যক্রম শুরু হওয়ায় আইসিবি ইউনিট ফান্ডের সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে।*

# যোগদান

১৭ অক্টোবর ২০১৭ তারিখে নতুন অফিস সহায়ক মো. রুবেল আলী কর্পোরেশনে যোগদান করেন।

# শোক বার্তা

কর্পোরেশনের সাবেক উপ-মহাব্যবস্থাপক মনোয়ারা বেগম গত ২৩.১১.২০১৭ তারিখে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬১ বছর।

কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়-এ কর্মরত অফিস সহায়ক মোঃ কাজল হোসেন ২৩.১১.২০১৭ তারিখে এবং লিজিং ডিভিশন-এ কর্মরত উপ-মহাব্যবস্থাপক ড. এস.এম. আসলাম পারভেজ ১২.১২.২০১৭ তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এ ছাড়া ২৮.১০.২০১৭ তারিখে কর্পোরেশনের সিনিয়র অফিসার মোহাম্মদ কামরুজ্জামান এর মাতা জাহানারা বেগম, ০৫.১২.২০১৭ তারিখে কর্পোরেশনের সহকারী প্রোগ্রামার মোঃ আল-আমিন হোসেন এর পিতা মোঃ আরিফুল ইসলাম এবং ১৫.১২.২০১৭ তারিখে উপ-মহাব্যবস্থাপক মিসেস নাসমিন আনোয়ার এর মাতা ফাতেমা বেগম ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। কর্পোরেশন সকল মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

# অভ্যন্তরীণ অর্থনীতি

২০১৭ সালের শেষ ত্রৈমাসিক এর অর্থনৈতিক পরিপ্রেক্ষিত নতুন বছরের সূচনায় আশার বার্তা বয়ে নিয়ে এসেছে। বিগত বছরের শেষ ত্রৈমাসিক এর মূখ্য অর্জনসমূহের মধ্যে ছিল বৈদেশিক মুদ্রা রিজার্ভ, টাকার যোগান এবং কর আদায়ের হার উল্লেখযোগ্য পরিমানে বৃদ্ধি। এ ছাড়া বিগত বছরের শেষ ত্রৈমাসিক এর রেমিটেন্স আয় এবং রপ্তানী আয় তদপূর্ববর্তী বছরের শেষ ত্রৈমাসিক এর তুলনায় লক্ষণীয় হারে বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক সমস্যা বিদ্যমান থাকা সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতির এই ক্রমোন্নয়ন বাংলাদেশকে বিশ্ব মানচিত্রে একটি উল্লেখযোগ্য নাম হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

| মূল্যস্ফীতির হার (ভিত্তি বছর: ২০০৫-০৬) | অক্টোবর ২০১৭ | নভেম্বর ২০১৭ | ডিসেম্বর ২০১৭ |
|---|---|---|---|
| পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে | ৬.০৪ % | ৫.৯১ % | ৫.৮৩ % |
| মাসিক গড় ভিত্তিতে (১২ মাস) | ৫.৫৯ % | ৫.৬৪ % | ৫.৭০ % |

ডিসেম্বর ২০১৭ এ মোট টাকার যোগান দাঁড়িয়েছে ১,০৫,৫৯,৯৮৯ মিলিয়ন টাকা যা বিগত বছরের একই মাসের তুলনায় প্রায় ১০.৬৯ শতাংশ বেশি। বৈদেশিক রিজার্ভ ডিসেম্বর ২০১৬ এর ৩২,০৯২.২০ মিলিয়ন মার্কিন ডলার হতে প্রায় ১১৩৪.৭০ মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ডিসেম্বর ২০১৭ শেষে ৩৩,২২৬.৯০ মিলিয়ন মার্কিন ডলার এ দাঁড়িয়েছে। এনবিআর এর জুলাই-নভেম্বর, ২০১৭ মাসের কর আদায় এর পরিমাণ ৭৫,৩০৮.৫৫ কোটি টাকা যা গত বছরের একই সময়ে ছিল ৬৩,৮৬২.৬৬ কোটি টাকা এবং যা বিগত বছরের একই সময়ের চেয়ে ১৭.৯২ শতাংশ বেশি।

ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর অক্টোবর ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭ ত্রৈমাসিকে প্রতি মাসের শেষ কর্মদিবস অনুযায়ী ইনডেক্স এর পরিবর্তন নিম্নে প্রদত্ত হলোঃ

| স্টক এক্সচেঞ্জ | বিবরণ | ৩১ অক্টোবর ২০১৭ | ৩০ নভেম্বর ২০১৭ | ২৮ ডিসেম্বর ২০১৭ |
|---|---|---|---|---|
| ঢাকা স্টক এক্সচেঞ্জ | ডিএসইএক্স ইনডেক্স | ৬০১৯.৫৯ | ৬৩০৬.৮৬ | ৬২৪৪.৫২ |
| চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ | সিএসসিএক্স ইনডেক্স | ১১২৭১.৭৩ | ১১৮০৩.৭৯ | ১১৬৪৯.৬২ |

ডিসেম্বর ২০১৭ মাসে ব্যাংক সুদের স্প্রেড হার ৪.৪৪ শতাংশে অবস্থান করেছে যা ডিসেম্বর ২০১৬ তে ছিল ৪.৭১ শতাংশ। ২০১৬-১৭ অর্থবছরের অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসিক এর রেমিটেন্স আয় ও রপ্তানি আয়ের সাথে ২০১৭-১৮ অর্থবছরের অক্টোবর-ডিসেম্বর ত্রৈমাসিক এর রেমিটেন্স আয় ও রপ্তানি আয় এর তুলনামূলক চিত্র নিম্নে বর্ণিত হলোঃ

(মিলিয়ন ডলারে)

| খাতসমূহ | ২০১৬-১৭ অর্থবছর | | | ২০১৭-১৮ অর্থবছর | | |
|---|---|---|---|---|---|---|
| | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
| রেমিটেন্স আয় | ১০১০.৯৯ | ৯৫১.৩৭ | ৯৫৮.৭৩ | ১১৬২.৭৭ | ১২১৪.৭৫ | ১১৬৩.৮২ |
| রপ্তানি আয় | ২৬৭১.৫০ | ২৮৭৮.১০ | ৩০৯২.৬০ | ২৮৪৩.১০ | ৩০৫৭.১০ | ৩৩৫৩.১০ |

বাংলাদেশ ব্যাংক এর পরিসংখ্যান অনুযায়ী ডিসেম্বর ২০১৭ এ বিভিন্ন আন্তর্জাতিক কারেন্সির বিপরীতে টাকার মূল্য নিম্নে প্রদর্শিত হলোঃ

(২৮.১২.২০১৭ তারিখে)

| আন্তর্জাতিক কারেন্সি | ক্রয়মূল্য (টাকায়) | বিক্রয়মূল্য (টাকায়) |
|---|---|---|
| ১ মার্কিন ডলার | ৮২.৭০ | ৮২.৭০ |
| ১ ইউরো | ৯৮.২৯ | ৯৮.৩৩ |
| ১ গ্রেট ব্রিটেন পাউন্ড | ১১০.৭৭ | ১১০.৮০ |
| ১ জাপানি ইয়েন | ০.৭২ | ০.৭২ |
| ১ ইন্ডিয়ান রুপি | ১.২৮ | ১.২৯ |

২০১৭ সালের শেষ ত্রৈমাসিকের বিভিন্ন সূচকের উল্লেখযোগ্য অগ্রগতি বাংলাদেশের অর্থনীতির স্থিতিশীলতার প্রমাণ স্বরূপ। বাংলাদেশের অর্থনীতির ক্রমোন্নয়ন এবং স্থিতিশীলতা বজায় রাখতে সরকার এবং বিভিন্ন নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এর গৃহীত পদক্ষেপের মাধ্যমে এ সকল সূচকের উন্নয়নের ধারা ক্রমাগত বজায় থাকবে বলে আশা পোষণ করা যায়।

সূত্রঃ
1. www.bb.org.bd
2. www.dsebd.org
3. www.cse.com.bd

# পুঁজিবাজার

৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে ডিএসইএক্স মূল্য সূচক দাঁড়ায় ৬,২৪৪.৫২ পয়েন্ট-এ যা অক্টোবর-ডিসেম্বর, ২০১৭ প্রান্তিকের শুরুতে ছিল ৬,০৯২.৯৫ পয়েন্ট।

এ ছাড়া ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে ডিএসই-এর বাজার মূলধনায়ন ও দৈনিক লেনদেন দাঁড়ায় যথাক্রমে ৪,২২৮,৯৪৫.৪৬ ও ৬,২৮০.৪৮ মিলিয়ন টাকায় যা অক্টোবর-ডিসেম্বর, ২০১৭ প্রান্তিকের শুরুতে ছিল যথাক্রমে ৪,০৫৯,৩০০.২৪ ও ৯,২৫৮.৮৫ মিলিয়ন টাকা।

অপরদিকে, ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে সিএসসিএক্স মূল্য সূচক দাঁড়ায় ১১,৬৪৯.৬৩ পয়েন্ট-এ যা অক্টোবর-ডিসেম্বর, ২০১৭ প্রান্তিকের শুরুতে ছিল ১১,৪২৯.৭১ পয়েন্ট।

এ ছাড়া ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে সিএসই-এর বাজার মূলধনায়ন ও দৈনিক লেনদেন দাঁড়ায় যথাক্রমে ৩,৫২৮,৯১১.০০ ও ১,৮০৯.৮৮ মিলিয়ন টাকায় যা অক্টোবর-ডিসেম্বর, ২০১৭ প্রান্তিকের শুরুতে ছিল যথাক্রমে ৩,৩৮৭,৫৭৬.০০ ও ৫৬৮.১৪ মিলিয়ন টাকা।

## এক নজরে বাংলাদেশের শেয়ারবাজার: অক্টোবর-ডিসেম্বর, ২০১৭

| | ডিএসই | | | | | সিএসই | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | মোট লেনদেন (সংখ্যা) | মোট লেনদেন (শেয়ার) | মোট লেনদেন (মিলিয়ন টাকা) | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | ডিএসইএক্স | মোট লেনদেন (সংখ্যা) | মোট লেনদেন (শেয়ার) | মোট লেনদেন (মিলিয়ন টাকা) | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | সিএসসিএক্স |
| ০২-১০-২০১৭ | ১৫০৮৯১ | ৩১৪১৯৬১৪৯ | ৯২৫৮.৮৫ | ৪০৫৯৩০০.২৪ | ৬০৯২.৯৫ | ২৩৯২৮ | ১৯৪২৭৩১৫ | ৫৬৮.১৪ | ৩৩৮৭৫৭৬ | ১১৪২৯.৭১ |
| ০৫-১০-২০১৭ | ১৪৫৪৭৪ | ৩৪৮৫২৫৮৯৭ | ১০৫৮৪.৯৬ | ৪১২৬৬৭৪.৭৫ | ৬২০২.৩১ | ১৬০৮০ | ১৯৬১২৩৩৯ | ৬১৫.৪২ | ৩৪৫৫৮৭৫ | ১১৬৬৮.৭৮ |
| ১২-১০-২০১৭ | ১২২০৯৬ | ২০৯১২৬৭৬৯ | ৭৪৩২.৯১ | ৪০৭৫৭৬১.১৫ | ৬০৬৪.৪১ | ১১৪১৬ | ১৩৬১৭৮৮৪ | ৩৫২.১৩ | ৩৪০৫০৭০ | ১১৩৭৭.৮৫ |
| ১৯-১০-২০১৭ | ১১৪৪৭১ | ১৫০৫৯১৩৮০ | ৬০০৭.১৮ | ৪০৭৫৯৩৭.৭১ | ৬০৩৯.৫৬ | ১০৩৮৭ | ২৫১৯৭১৯৯ | ৬৩৫.৩৯ | ৩৪০২৯৩৯ | ১১৩২৯.৭৬ |
| ২৬-১০-২০১৭ | ১৩৮৬০২ | ১৪৭৬০৯৭৪৫ | ৬৬২৯.৯৬ | ৪১০০৯৪৭.১১ | ৬০১৮.২৬ | ১২৬৫৬ | ১২৮৩৩৮২৪ | ৪৪৯.৮৫ | ৩৪১৩২১৭ | ১১২৪৮.৮৫ |
| ০২-১১-২০১৭ | ১২৩২২৮ | ২০৭৯২৮৩২২ | ৬৭৫৯.২৪ | ৪১২৩৪০৬.৫৫ | ৬০৯৯.০২ | ১৪২৮৮ | ১৬৮০৪১৮৫ | ৪৫৪.৩২ | ৩৪৫১৫৭৭ | ১১৪৩৮.২৩ |
| ০৯-১১-২০১৭ | ১৪০৪৭০ | ২৩১৭১৩৭২১ | ৮৭০৫.৪৪ | ৪১৭৯৭৫১.৬৫ | ৬১৯৩.৫৭ | ১৫৪১৬ | ১৬০৩৮৬০০ | ৪৮২.৭০ | ৩৪৯১৫৭১ | ১১৬১৭.৭৯ |
| ১৬-১১-২০১৭ | ১১১৭৪৪ | ১৯২৪৬৬৮২৭ | ৭৩৭৯.৮৩ | ৪২৫৫১২৬.৮৭ | ৬২৮২.০৯ | ১১৯০৪ | ২০১৫৫৭৪৩ | ৬১২.১৮ | ৩৫৬৭৮৮৪ | ১১৭৬৯.৫২ |
| ২৩-১১-২০১৭ | ১৩৮২৯৩ | ২৪৫৭৫৮১১৮ | ৮৫৪৫.৪৮ | ৪২৬২৬৫৪.৭১ | ৬৩২২.৫১ | ১৪২৩৪ | ২০৩৩২৮০০ | ৯৭১.২৬ | ৩৫৬৮৫৮৯ | ১১৮৪৪.৭২ |
| ৩০-১১-২০১৭ | ১১০৮৫৬ | ১৬০২৬২৬১২ | ৬২০০.৮০ | ৪২৪১৪৯৬.৩০ | ৬৩০৬.৮৬ | ১০৯৪১ | ১১১৯৭৮৯৮ | ৩০৭.৫৪ | ৩৫৫১০৩৫ | ১১৮০৩.৭৯ |
| ০৭-১২-২০১৭ | ১২৩৩৭০ | ১৪২১৪৩১৩৯ | ৫১৭১.২৩ | ৪২৩৭৩৬৪.১৭ | ৬২৪৮.২৩ | ৯১২৯ | ৭৮৮৯৬৯০ | ২৩০.৭৪ | ৩৫৪৫০৯৯ | ১১৬৯৬.৪৭ |
| ১৪-১২-২০১৭ | ১৪৪১৭৮ | ১১১২৯৯৫৯৭ | ৪০২৭.০৬ | ৪২০৫৮০৪.৮২ | ৬২৩০.০২ | ৮২৪৭ | ৯৪৬৮৩২৪ | ৪১৮.৩৫ | ৩৫২১৮১৫ | ১১৬৪৮.৩৩ |
| ২১-১২-২০১৭ | ১৬৫৮১০ | ১০৫৪৪০৬২৬ | ৩৬৭৭.৩৬ | ৪১৮০০৭৫.১১ | ৬১৮২.৭৯ | ৬৯১১ | ৭০৮২৪৪২ | ১৯৩.৩৭ | ৩৪৯৬০১৭ | ১১৫৫৮.২৬ |
| ২৮-১২-২০১৭ | ১১০৮৫৬ | ১৪৯৮৬৭৯১৮ | ৬২৮০.৪৮ | ৪২২৮৯৪৫.৪৬ | ৬২৪৪.৫২ | ১১০৪৭ | ৫৭৩৭০৬৮৯ | ১৮০৯.৮৮ | ৩৫২৮৯১১ | ১১৬৪৯.৬৩ |
| দৈনিক গড় (অক্টোবর-ডিসেম্বর, ১৭) | ১২০৫২০ | ১৯২৮৪৪৪৫২ | ৬৮৮২.১৪ | | | ১২২১১ | ১৪৮৫৯৭৯৭ | ৪৭৫.১৪ | | |

## বাজার মূলধনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি: ২৮ ডিসেম্বর ২০১৭

| ক্র. নং | ডিএসই | | | সিএসই | | |
|---|---|---|---|---|---|---|
| | কোম্পানির নাম | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | বাজার মূলধনের % | কোম্পানির নাম | বাজার মূলধন (মিলিয়ন টাকা) | বাজার মূলধনের % |
| ১ | গ্রামীণফোন | ৬৩৫৭২১.২৫ | ১৭.৩২ | গ্রামীণফোন | ৬৩৪৬৪.১০ | ১৮.০১ |
| ২ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ | ২২২৫৪৪.৬৩ | ৬.০৬ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ | ২২১৬৫.৯৮ | ৬.২৯ |
| ৩ | বিএটিবিসি | ২০৪০৯৬.০০ | ৫.৫৬ | বিএটিবিসি | ২০৬২৫.০০ | ৫.৮৫ |
| ৪ | আইসিবি | ১০৬৩১২.৫০ | ২.৯০ | আইসিবি | ১০৫৭৮.০৯ | ৩.০০ |
| ৫ | ব্র্যাক ব্যাংক | ৯২৭০৪.৭৩ | ২.৫৩ | ব্র্যাক ব্যাংক | ৯১২৫.০৯ | ২.৫৯ |

## লেনদেনের ভিত্তিতে শীর্ষ ৫ কোম্পানি: ২৮ ডিসেম্বর ২০১৭

| ক্র. নং | ডিএসই | | | সিএসই | | |
|---|---|---|---|---|---|---|
| | কোম্পানির নাম | লেনদেন (মিলিয়ন টাকা) | মোট মূলধনের % | কোম্পানির নাম | লেনদেন (মিলিয়ন টাকা) | মোট মূলধনের % |
| ১ | লাফার্জ সিমেন্ট | ৩০৬.১৫ | ৪.৮৭ | ব্যাংক এশিয়া | ৬৫৫.৪৩ | ৩৬.২১ |
| ২ | ইসলামী ব্যাংক | ২৪৯.২৫ | ৩.৯৭ | ইস্টার্ন ব্যাংক | ৩৩৫.৭৭ | ১৮.৫৫ |
| ৩ | স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ | ১৯৪.৪৯ | ৩.১০ | দ্যা সিটি ব্যাংক | ৩০৬.২৮ | ১৬.৯২ |
| ৪ | ন্যাশনাল ব্যাংক | ১২৭.৫৩ | ২.০৩ | এক্সিম ব্যাংক | ১০৫.২৭ | ৫.৮২ |
| ৫ | প্যারামাউন্ট টেক্সটাইল | ১২১.৬৫ | ১.৯৪ | ব্র্যাক ব্যাংক | ৮৪.৩২ | ৪.৬৬ |

## সর্বোচ্চ ইপিএস-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি: ২৮ ডিসেম্বর ২০১৭

| ক্র. নং | কোম্পানির নাম | প্রকৃত ইপিএস (টাকা) | পি/ই |
|---|---|---|---|
| ১ | বিএটিবিসি | ১২৬.৩৭ | ২৬.৯২ |
| ২ | বার্জার পেইন্টস | ১০৯.০০ | ১৮.৯৩ |
| ৩ | বাটা সু | ৭৬.২৪ | ১৫.৩৭ |
| ৪ | রেকিট বেনকিজার | ৬২.৬৬ | ২৮.৩৪ |
| ৫ | লিনডে বাংলাদেশ | ৫৭.৯০ | ২২.১৯ |

## সর্বনিম্ন পি/ই-এর ভিত্তিতে স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত শীর্ষ ৫ কোম্পানি: ২৮ ডিসেম্বর ২০১৭

| ক্র. নং | ডিএসই | | | সিএসই | | |
|---|---|---|---|---|---|---|
| | কোম্পানির নাম | পি/ই | ইপিএস (টাকা) | কোম্পানির নাম | পি/ই | ইপিএস (টাকা) |
| ১ | ন্যাশনাল ব্যাংক | ৫.৪৯ | ২.৩৭ | ম্যাকসন স্পিনিং মিলস্ | ৩.৮২ | ২.৬৭ |
| ২ | এমারেল্ড ওয়েল | ৬.০১ | ৩.০৩ | ন্যাশনাল ব্যাংক | ৫.৪৫ | ২.৩৭ |
| ৩ | সামিট পাওয়ার | ৬.২৫ | ৫.৭৫ | সামিট পাওয়ার | ৬.১৩ | ৫.৮৪ |
| ৪ | টুং হাই নিটিং | ৬.৭৬ | ১.৫১ | প্রিমিয়ার ব্যাংক | ৬.৭৭ | ২.৩০ |
| ৫ | প্রিমিয়ার ব্যাংক | ৬.৮২ | ২.৩০ | এমারেল্ড ওয়েল | ৭.২৩ | ২.৫৬ |

## তালিকাভুক্ত কয়েকটি কোম্পানির আর্থিক বিশ্লেষণ

| কোম্পানির নাম | অনুমোদিত মূলধন (কোটি টাকায়) | পরিশোধিত মূলধন (কোটি টাকায়) | শেয়ারহোল্ডিং অবস্থান (শতকরা হারে) | | | | | নিট লাভ (কোটি টাকায়) | সমাপণী মূল্য (টাকায়)* | শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য (টাকায়) | শেয়ার প্রতি আয় (টাকায়) | পি/ই রেশিও |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পরিচালক | সরকার | ইন্সটিটিউশন | বৈদেশিক | জনসাধারণ | | | | | |
| গ্রামীণফোন লিমিটেড | ৪০০০.০০ | ১৩৫০.৩০ | ৯০ | - | ৫.১৯ | ২.৪০ | ২.৪১ | ২২৫২.৬৩ | ৪৭০.৮০ | ২৪.৮৬ | ১৬.৬৮ | ২৮.২২ |
| বার্জার পেইন্টস বাংলাদেশ | ৪০.০০ | ২৩.২০ | ৯৫ | - | ২.৯৯ | ১.৫৪ | ০.৪৭ | ২৫২.৭৫ | ২০৬৩.০০ | ২৪৯.৫১ | ১০৯.০০ | ১৮.৯৩ |
| রেনাটা লিমিটেড | ১০০.০০ | ৭০.০০ | ৫১.১৬ | - | ১৭.১৮ | ২১.৭৮ | ৯.৮৮ | ২৬৭.৮১ | ১১২৪.২০ | ১৮৪.৮২ | ৩৮.২৪ | ২৯.৪০ |
| হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ | ১০০.০০ | ৫৬.৫০ | ৬০.৬৭ | - | ২৭.০২ | ১.৭৭ | ১০.৫৪ | ১৫০.৭৮ | ৪২৪.৯০ | ৯৮.৯৬ | ২৬.৬৯ | ১৫.৯২ |
| স্কয়ার ফার্মাসিউটিক্যাল্স | ১০০০.০০ | ৭৩৭.৪০ | ৩৬.৩৪ | - | ৯.৮২ | ১৯.৭৫ | ৩৪.০৯ | ১০৬৩.৭২ | ৩০১.৮০ | ৬৬.৪৯ | ১৪.৪৩ | ২০.৯২ |

*সূত্র: ডিএসই মাসিক রিভিউ; ডিসেম্বর, ২০১৭। * ২৮.১২.২০১৭ তারিখে*

# বিশ্বের কিছু শেয়ার সূচক

| | | ৩০ সেপ্টেম্বর ২০১৭ | ৩১ ডিসেম্বর ২০১৭ | পরিবর্তন (%) |
|---|---|---|---|---|
| **বাংলাদেশ** | | | | |
| | ডিএসইএক্স | ৬০৯২.৮৪ | ৬২৪৪.৫২ | ২.৪৯ |
| | সিএসসিএক্স | ১১৪১২.৬৫ | ১১৬৪৯.৬৩ | ২.০৮ |
| **এশিয়া** | | | | |
| টোকিও | নিক্কি ২২৫ | ২০৩৫৬.২৮ | ২২৭৬৪.৯৪ | ১১.৮৩ |
| হংকং | হ্যাং সেং | ২৭৫৫৪.৩০ | ২৯৯১৯.১৫ | ৮.৫৮ |
| বোম্বে | এস অ্যান্ড পি বিএসই সেনসেক্স | ৩১২৮৩.৭২ | ৩৪০৫৬.৮৩ | ৮.৮৬ |
| সাংহাই | এসএসই কম্পোজিট ইনডেক্স | ৩৩৪৮.৯৪ | ৩৩০৭.১৭ | -১.২৫ |
| ফিলিপাইনস্ | পিএসইআই | ৮১৭১.৪৩ | ৮৫৫৮.৪২ | ৪.৭৪ |
| থাইল্যান্ড | এসইটি | ১৬৭৩.১৬ | ১৭৫৩.৭১ | ৪.৮১ |
| শ্রীলংকা | কলম্বো স্টক এক্সচেঞ্জ অলশেয়ার ইনডেক্স | ৬৪৩৮.২৪ | ৬৩৬৯.২৬ | -১.০৭ |
| **ইউরোপ** | | | | |
| লন্ডন | এফটিএসই ১০০ | ৭৩৭২.৮০ | ৭৬৮৭.৮০ | ৪.২৭ |
| ডয়চে বোর্স | ডিএএক্স | ১২৮২৮.৮৬ | ১২৯১৭.৬৪ | ০.৬৯ |
| ইউরো নেক্সট প্যারিস | সিএসি-৪০ | ৫৩২৯.৮১ | ৫৩১২.৫৬ | -০.৩২ |
| **আমেরিকা** | | | | |
| ইউএসএ | নাসডাক কম্পোজিট | ৬৪৯৫.৯৬ | ৬৯০৩.৩৯ | ৬.২৭ |
| | ডিজেআইএ | ২২৪০৫.০৯ | ২৪৭১৯.২২ | ১০.৩৩ |
| | এস অ্যান্ড পি-৫০০ | ২৫১৯.৩৬ | ২৬৭৩.৬১ | ৬.১২ |
| ব্রাজিল | বোভেসপা | ৭৪২৯৪.০০ | ৭৬৪০২.০০ | ২.৮৪ |

সূত্রঃ *http://finance.yahoo.com/; http://www.set.or.th/en/market/market_statistics.html; http://www.pse.com.ph/stockMarket/marketInfo-marketActivity.html*

পাঠশালা

# Debenture

**Definition**

A debenture is a type of debt instrument that is not secured by physical assets or collateral. Debentures are backed only by the general creditworthiness and reputation of the issuer. A debenture is like a certificate of loan or a loan bond evidencing the fact that the company is liable to pay a specified amount with interest and although the money raised by the debentures becomes a part of the company's capital structure, it does not become share capital. Buyers generally purchase debentures based on the belief that the issuer is unlikely to default on the repayment. Both corporations and governments frequently issue debentures to secure capital. An example of a government debenture would be any government-issued Treasury bond (T-bond) or Treasury bill (T-bill).

**Features of a Debenture**

All debentures have specific features. First, a trust indenture is drafted, which is an agreement between the issuing corporation and the trust that manages the interest of the investors. Next, the coupon rate is decided, which is the rate of interest that the company will pay the debenture holder or investor. For non-convertible debentures, the date of maturity is also an important feature. This date dictates when the issuing company must pay back the debenture holders. The most common form of repayment is called redemption out of capital, in which the issuing company makes a lump sum payment on the date of maturity. A second option is called a debenture redemption reserve, in which the issuing company transfers a specific amount of funds each year until the debenture is repaid on the date of maturity.

**Types of Debenture** (Based on Convertibility)

There are two types of debentures based on the feature of convertibility:

1. **Convertible debentures:** Convertible debentures are bonds that can be converted into equity shares of the issuing company after a predetermined period of time.
2. **Non-convertible debentures:** Non-convertible debentures are regular debentures that cannot be converted into equity of the issuing corporation.

**Differences between Debenture and Bond**

Debentures and bonds are types of debt instruments that can be issued by a company. Their functional differences center on the use of collateral, and they are generally purchased under different circumstances.

Bonds are the most frequently referenced type of debt instrument.An Investor loans money to an institution, such as a government or business; the bond acts as a written promise to repay the loan on a specific maturity date. Bond purchases are generally considered safe, and highly rated corporate or government bonds come with little perceived risk. Debentures have a more specific purpose than bonds. While both can be used to raise capital, debentures are typically issued to raise short-term capital for upcoming expenses or to pay for expansions. Debentures are not usually asset-backed (they are not secured by any collateral) and are backed by the full faith and credit of the issuer.

In a sense, all debentures are bonds, but not all bonds are debentures. Whenever a bond is unsecured, it can be referred to as a debenture.

**Importance of Debenture**

It is important to note that even though debentures are not secured by specific pieces of property or collateral, they do have a general claim on the assets and earnings of the issuer. Therefore, if the issuer were to liquidate, the holders of the debenture bonds have a claim on any assets not specifically pledged to secure other debt. If there are no pledged assets or no secured debt, then the debentures have the first claim on all of the company's assets-along with all the other general creditors. In relation to other types of loans and debt instruments, debentures are advantageous in that they carry a lower interest rate and have a repayment date that is far in the future.

In essence, debentures are common form of long-term loans that can be taken out by a company. These loans are normally repayable on a fixed date and pay a fixed rate of interest. A company normally makes these interest payments prior to paying out dividends to its shareholders, similar to most debt instruments.

(Source: Internet)

# ইনোভেশন কর্ণার

## নাগরিক সেবায় উদ্ভাবন

"If you can dream it, you can do it" – Walt Disney

**পটভূমিঃ** 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়টি বহিঃর্বিশ্বে বেশ পূর্বেই শুরু হয়েছে। উন্নত দেশসমূহে প্রথমে এটি গুরুত্ব পায় বেসরকারি খাতে। যেখানে নাগরিক 'ক্রেতা' বা 'কনজ্যুমার' সেখানে কনজ্যুমারই অর্থনৈতিক কর্মকান্ডের মূল চালিকা শক্তি। আমাদের দেশে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়টি বর্তমান দশকেই আলোচিত হচ্ছে। এতদ্‌সংক্রান্তে ২০১২ সালেই **প্রথম গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট** প্রতিষ্ঠিত হয়। ই-গভর্ন্যান্স বিষয়ক প্রকল্প **'একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম'** এ ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তির ব্যাপক ও নিরাপদ ব্যবহার কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে এই উদ্যোগকে আরও বেশি জনপ্রিয় করে তুলেছে। ০৮ এপ্রিল ২০১৩ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলারের মাধ্যমে সরকারের সকল মন্ত্রণালয়, প্রতিষ্ঠান ও সেক্টরে একটি করে 'ইনোভেশন টিম' গঠনের নির্দেশনা প্রদান করা হয়। তখন থেকে জনপ্রশাসনে উদ্ভবনী চর্চার বিষয়টি প্রাতিষ্ঠানিক রূপ পায়।

**নাগরিক সেবায় উদ্ভাবনঃ** 'নাগরিক সেবায় উদ্ভাবন' ধারণাটির অন্তর্গত শব্দ তিনটি হচ্ছে- নাগরিক, সেবা ও উদ্ভাবন। উদ্ধাবন বলতে প্রশাসনিক পদ্ধতি অথবা সেবা প্রদানের প্রক্রিয়ায় সৃজনশীল চর্চা, নতুন ধারণার অবতারণা এবং প্রতিষ্ঠানের বিদ্যমান সেবায় প্রচলিত ধারণার সংযোজন বা বিয়োজনের মাধ্যমে সেবামান উন্নয়ন ও ইতিবাচক পরিবর্তনকে বুঝায়। সরকারি খাতে উদ্ভাবন বিষয়ক একক বা সর্বজনগ্রাহ্য কোন সংজ্ঞা নেই। উদ্ভাবন প্রত্যয়টির প্রয়োগ এবং সংজ্ঞা উভয়ই প্রাসংগিক বিষয় বা পরিপ্রেক্ষিত কেন্দ্রিক। বিদ্যমান সেবায়, হতে পারে অন্যের অনুকরণে বা সম্পূর্ণ নতুন পদ্ধতি প্রবর্তের দ্বারা, প্রশাসনিক পদ্ধতি বা সেবাদান প্রক্রিয়ায় ইতিবাচক পরিবর্তন যা নাগরিক তথা গ্রাহকের সময় সাশ্রয়, খরচ হ্রাস ও সেবা গ্রহণের জন্য বারবার আগমনের বিড়ম্বনা হ্রাস করা। এ পরিবর্তন খুবই সামান্য বা ক্ষুদ্র হতে পারে। সহজ কথায়, নাগরিক সেবায় উদ্ভাবন বলতে সেবা প্রদান প্রক্রিয়ায় এমন কোন পরিবর্তনের সূচনা করা যা'র ফলে সংশ্লিষ্ট সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকের পূর্বের তুলনায় সময়, খরচ ও অফিস-যাতায়াত সাশ্রয় হয়।



অক্টোবর, ২০১৬ মাসে উপ-মহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপকগণের অংশগ্রহণে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রদত্ত প্রশিক্ষণ

তবে বিদ্যমান চর্চায় পরিবর্তন হোক বা অন্যত্র থেকে নিজ ক্ষেত্রে অনুকরণ করা চর্চা হোক বা সম্পূর্ণ নতুন কোন চর্চা হোক না কেন, উদ্ভাবন এমন একটি বিষয় যা নিজ অধিক্ষেত্রে নতুন বা পরিবর্তিত অবস্থার সৃষ্টি করে এবং এর ফলে নতুনভাবে গ্রাহক সুবিধা বৃদ্ধি পায়। আইসিবি এর কর্মকান্ডের বিভিন্ন ক্ষেত্রে সকল গ্রাহক ও স্টেকহোল্ডারগণের প্রাপ্য সেবামান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং এ কার্যক্রমকে আরও গতিশীল ও ফলপ্রসু করার লক্ষ্যে সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কর্মচারীকে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে নিবিড়ভাবে প্রশিক্ষণ প্রদান করছে।

চলবে-

*লেখক আইসিবির প্রশিক্ষণ কেন্দ্রের সহকারী মহাব্যবস্থাপক এবং ইনোভেশন টিম এর সদস্য জনাব মল্লিক রওশন আলম*

# ইয়াংস্টারস্

## যাত্রা



থান্দার কামরুজ্জামান

তারপর নিথর এ দেহ আমার
শুয়ে থাকবে অন্ধকার উঠানের মাঝে,
কোনো ভালবাসার হাউমাউ কান্না আমাকে জাগাবে না
আসব না কারও হাতের শাখা, নাকের নথ খুলে নিতে।
বেলা শেষে তুষার শুভ্র, উপহারসম,
সাদা কাপড় গায়ে আমি রওনা দেব
মহাকালের দিকে।
আমি ও তুমি চলব, তুমি আছ যে
পিছনে ফেরার কোনো টান থাকবে না আর
আমি ও তুমি (মহাকাল)
যাত্রী হবে মহাপথের।

*লেখক ইউনিট ফান্ড ডিপার্টমেন্টের সিনিয়র অফিসার*

## Living in between



**Mashiat Mubasshira**
MBBS, 1st Year, Dhaka Medical College

Riding on a Motorcar
High up in the hills,
Bouncing on the grooved valleys
are its alloy wheels.
Making detours and turnings,
And paths piercing the mist.
Beyond, the white and green coexist,
The tacit winter and little drops of rain
Mr. Brown's words are echoing from somewhere within-
"The woods are lovely, dark and deep"
Utterance of delusive and captivating fantasies.
Yet, we choose to come back to the realm of life
and live its moments of requisite variety.
The alloy wheels, springing up and down
And, I, growing and living, in between.

*রচয়িতা কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক মিজ মাহমুদা আক্তার এর সন্তান*

*বি. দ্র. ইয়াংস্টারস্ বিভাগের লেখাসমূহ লেখকের সম্পূর্ণ নিজস্ব মতামত।*

# আইসিবির অগ্রযাত্রায় স্বীকৃতি অর্জন



| | |
|---|---|
| **Ref No** | ACRSL15354/17 |
| **Company Name** | Investment Corporation of Bangladesh (ICB) |
| **Assigned Ticker** | ICB |
| **Activity** | Portfolio Management, Mutual Fund Management, Private Equity Investment and Project Financing among others. |
| **Incorporated On** | 01 Oct 1976 |
| **Head Office** | 8, Rajuk Avenue, BDBL Bhaban, (Level 14 -17) Dhaka-1000 |

| | |
|---|---|
| **Rating Type** | Corporate/Entity |
| **Rating Validity** | 05 Oct 2018 |
| **Analyst(s)** | ACRSL Analyst Team |
| **Committee (s)** | ACRSL Rating Committees |

**RATINGS SUMMARY**

| CREDIT RATING | CURRENT | PREVIOUS |
|---|---|---|
| Long-Term | AAA | AAA |
| Short-Term | ST-1 | ST-1 |
| Publishing Date | 05 Oct 2017 | 03 Oct 2016 |

**RATINGS EXPLANATION**

| | |
|---|---|
| AAA | Investment grade. Highest credit quality with lowest expectation of credit risk. When assigned this rating indicates the obligor has exceptionally strong capacity to meet its financial obligations and it is highly unlikely that this capacity will be impacted adversely by foreseeable events. |
| ST-1 | Highest Grade. Highest certainty of timely payment. Short-term liquidity including internal fund generation is very strong and access to alternative sources of funds is outstanding, Safety is almost like risk free Government short-term obligations. |

Rating Validity : This validity assumes no additional loan over that disclosed in Q3FY17 [ending March 31] audited/management certified balance sheet and that management has disclosed all material & adverse to financials since Q3FY17.

TAMIM MARZAN HUDA
Chief Operating Officer
ARGUS Credit Rating Services Ltd.

Confidential and Limited Use Only
Copyright © 2014 ARGUS Credit Rating Services Limited

# 17th ICAB NATIONAL AWARD
## Best Presented Annual Report-2016



আইসিবি পরিক্রমা
সংখ্যা ১৬| পৌষ ১৪২৪ | ডিসেম্বর ২০১৭


- আইসিবি ইউনিট সার্টিফিকেট, আইসিবি এএমসিএল কর্তৃক পরিচালিত সকল ইউনিট এবং বাংলাদেশ ফান্ড ইউনিট সার্টিফিকেটের বিপরীতে অগ্রিম প্রদান করা হয়।
- আইসিবি ডিবেঞ্চার ও বন্ড ইস্যুতে অর্থায়ন করে।
- লিজিং-এ আইসিবি দিচ্ছে সর্বোত্তম সেবার প্রতিশ্রুতি।
- বাংলাদেশ ফান্ডে বিনিয়োগ করুন।

যৌতুক একটি সামাজিক ব্যাধি
আসুন এই ব্যাধি নির্মূলে আমরা সকলে মিলে কাজ করি।


## দৃষ্টি আকর্ষণঃ

আইসিবি তার কর্পোরেট সুশাসন পরিপালনে এবং জনস্বার্থ সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্যে শেয়ারমালিক ও অন্যান্য স্টেকহোল্ডারগণ সর্বোপরি জনসাধারণের আইসিবি সম্পর্কিত যে কোন অভিযোগ, অনুসন্ধান ও পরামর্শ থাকলে তা GRS ফোকাল পয়েন্টকে জানাতে পারেন।

**যোগাযোগের ঠিকানা:**

রিফাত আনোয়ার
GRS ফোকাল পয়েন্ট ও সহকারী মহাব্যবস্থাপক
ডিসিপ্লিন, গ্রিভেন্স এন্ড আপিল ডিপার্টমেন্ট
বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক অ্যাভেনিউ, ঢাকা-১০০০।
e-mail : agm_discipline@icb.gov.bd
Phone No.: 9585092
Mobile : 01817085300

সুষ্ঠু ও স্থিতিশীল পুঁজিবাজার গঠনে আইসিবি এগিয়ে ...